

# নিষ্ফলতা

আমি, সকল কাজের পাই হে সময়,  
তোমারে ডাকিতে পাইনে;  
আমি, চাহি দারা-সুত-সুখ সন্মিলন,  
তব সঙ্গ-সুখ চাইনে।  
আমি, কতই যে করি বৃথা পর্যটন,  
তোমার কাছে তো যাইনে;  
আমি, কত কি যে খাই, ভস্ম আর ছাই,  
তব প্রেমামৃত খাইনে।  
আমি, কত গান গাহি, মনের হরষে,  
তোমার মহিমা গাইনে;  
আমি বাহিরের দুটো আঁখি মেলে চাই,  
জ্ঞান-আঁখি মেলে চাইনে;  
আমি, কার তরে দেই আপনা বিলায়ে,  
ও পদতলে বিকাইনে;  
আমি সবারে শিখাই কত নীতি-কথা,  
মনেরে শুধু শিখাইনে!